

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন ব্যক্তি প্রাণবন্ত থাকে, তখন তাকে নফল সালাত আদায় করার নির্দেশ, আর যখন তা না থাকবে, তখন নফল সালাত আদায় না করার নির্দেশ

ذِكْنُ الْأُمْرِ بِالتِنفُّلِ لِلْمَرْءِ عِنْدَ وُجُودِ النَّشَاطِ وَتَرْكِهِ عِنْدَ عَدَمِهِ

## আরবী

2483 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا يَعْقُوبُ الدَّوْرَقِيُّ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عُلْيَّةَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ صُهُيْبٍ: عَنْ أَنَسٍ بْنِ مَالِكٍ قَالَ: دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسْجِدَ وحبلٌ ممدودٌ بَيْنَ سَارِيَتَينِ فَقَالَ:

(مَا هَذَا؟) قَالُوا: لِزَيْنَبَ تُصلِّي فَإِذَا كَسِلَتْ أَوْ فَتَرَتْ أَمْسَكَتْ بِهِ قَالَ: (حُلُّوهُ) ثُمَّ قَالَ: (حُلُّوهُ) ثُمَّ قَالَ: (حُلُّوهُ) ثُمَّ قَالَ: (لِيُصلَلِّ أَحَدُكُمْ نَشَاطَهُ فَإِذَا كَسِلَ أَوْ فَتَرَ فَلْيَقْعُدْ)

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2483 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1185): ق.

## বাংলা

২৪৮৩. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার মাসজিদে প্রবেশ করে এমন অবস্থায় যে, সে সময় মাসজিদের দুই খুঁটির মাঝে একটি রশি বাঁধা রয়েছে। অতঃপর তিনি বলেন, "এটা কী?" সাহাবীগণ বললেন, "এটি যাইনাব রাদ্বিয়াল্লাহু আনহার, তিনি সালাত আদায় করেন, অতঃপর যখন অলসতা আসে অথবা ক্লান্ত হয়ে যান, তখন তিনি এটি ধরেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা এটা খুলে ফেল।" তারপর তিনি বলেন, "তোমাদের প্রত্যেকেই যেন প্রাণবন্ত অবস্থায় সালাত আদায় করে। অতঃপর যখন অলসতা আসবে অথবা ক্লান্ত হয়ে যাবে, তখন সে যেন বসে পড়ে।"[1]

## ফুটনোট



[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১৮০; মুসনাদ আহমাদ: ৩/১০১; সহীহ মুসলিম: ৭৮৪; আবৃ দাউদ: ১৩১২; নাসাঈ আল কুবরা: ১/২৭০; সহীহ আল বুখারী: ১১৫০; নাসাঈ: ৩/২১৮-২১৯; ইবনু মাজাহ: ১৩৭১; আবৃ আওয়ানা: /৯৭-২৯৮; বাগাবী: ৯৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন